## উপজেলা আইন-শৃংখলা কমিটির জানুয়ারি/২০২১ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : এ, এফ, এম, আবু সুফিয়ান<br>উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট |
| তারিখঃ | : ২৮/০১/২০২১ খ্রি. |
| সময় | : সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, ক্ষেতলাল, জয়পুরহাট |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

সভাপতি উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ডিসেম্বর/২০২০ মাসে অনুষ্ঠিত আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। পঠিত কার্যবিবরণী সম্পর্কে কোনরুপ সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে এজেন্ডাভিত্তিক নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০১। **অপরাধ চিত্রঃ**

| মাসের নাম | ডাকাতি | দস্যুতা | সিধেল চুরি | চুরি | খুন | দাঙ্গা | পশু চুরি | নারী ও শিশু নির্যাতন | অপ-হরণ | অস্ত্র আইন | চোরা চালান | মাদক দ্রব্য | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ডিসেম্বর/২০ | - | - | - | - | - | - | - | ০২ | - | ০১ | - | ০১ | ০৪ | ০৮ |

০২। **গ্রেফতারি পরোয়ানা প্রতিবেদনঃ**

| মাসের নাম | মামলার ধরণ | তামিল | রিকল | মোট | মুলতবী পরোয়ানা |
|---|---|---|---|---|---|
| নভেম্বর/২০ | জিআর | ০৩ | ০৬ | ০৯ | ১৪ |
| | সিআর | ০৪ | ০৩ | ০৭ | ১৫ |
| | সাজা | - | - | - | ৬১ |
| | মোট | ০৭ | ০৯ | ১৬ | ৯০ |

০৩। **উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধ | ক) সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধ সংক্রান্ত আলোচনা করা হয়।<br>খ) ইসলামিক ফাইন্ডেশনের তত্ত্বাবধানে ইমামগণের মাধ্যমে জুম্মার নামাজে খুতবাপূর্ব বয়ানে পবিত্র কোরআন হাদিসের আলোকে সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা বিরোধী সংক্রান্তে বিস্তারিত আলোচনা করা হয়।<br>গ) পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধ কমিটির কার্যক্রম সংক্রান্ত আলোচনা করা হয়। | ক) সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধে জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) ইসলামিক ফাইন্ডেশনের তত্ত্বাবধানে ইমামগণের মাধ্যমে জুম্মার নামাজে খুতবাপূর্ব বয়ানে পবিত্র কোরআন হাদিসের আলোকে সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা বিরোধী বক্তব্য প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধ কমিটির কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, ক্ষেতলাল পৌরসভা, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) এবং ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ক্ষেতলাল উপজেলা |
| ০২ | গ্রাম আদালতের কার্যক্রম | ডিসেম্বর/২০২০ মাসে গ্রাম আদালতে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ২১টি। পেন্ডিং মামলার সংখ্যা ২৪ টি। | মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। সপ্তাহের একটি নির্দিষ্ট দিনে গ্রাম আদালত নিয়মিত এজলাসে বসে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | যৌন হয়রানি প্রতিরোধ | ক) যৌন হয়রানি (ইভটিজিং) প্রতিরোধে গণসচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয়।<br>খ) যৌন হয়রানি (ইভটিজিং) প্রতিরোধে স্কুল/কলেজ/ মাদ্রাসায় প্রতি তিন মাসে একবার করে অভিভাবক সমাবেশ করাসহ ইভটিজিং প্রবণ বিশেষ বিশেষ ছাত্র-ছাত্রীদের প্রতি নজরদারী বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) যৌন হয়রানি (ইভটিজিং) প্রতিরোধে গণসচেতনতা বৃদ্ধি করাসহ পুলিশী তৎপরতা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) যৌন হয়রানি (ইভটিজিং) প্রতিরোধে স্কুল/কলেজ/ মাদ্রাসায় প্রতি তিন মাসে একবার করে অভিভাবক সমাবেশ, ইভটিজিং প্রবণ বিশেষ বিশেষ ছাত্র-ছাত্রীদের প্রতি নজরদারী বৃদ্ধি এবং তাদের অভিভাবকদের সাথে ওয়ান-টু-ওয়ান আলোচনাক্রমে ইভটিজিং প্রবণতা প্রশমিত করতে হবে। | অফিসার-ইন-চার্জ, ক্ষেতলাল থানা, মেয়র, ক্ষেতলাল পৌরসভা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান |
| ০৪ | মাদকদ্রব্যের প্রসার রোধ | মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনুমোদিত মাদকবিরোধী এ্যাকশন প্লান বাস্তবায়নে মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়নের লক্ষ্যে আলোচনাসহ মাদকবিরোধী গণসচেতনতা বৃদ্ধি করার আলোচনা করা হয়। | অনুমোদিত মাদকবিরোধী এ্যাকশন প্লান বাস্তবায়নে মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন নিশ্চিত করণ এবং গণসচেতনতা বৃদ্ধি করার কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার-ইন-চার্জ, ক্ষেতলাল থানা, মেয়র, ক্ষেতলাল পৌরসভা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ক্ষেতলাল এবং চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |

০৪। সভায় গ্রাম আদালতের কার্যক্রম সম্পর্কে আলোচনায় সভাপতি জানান যে, জানুয়ারি/২১ মাসে গ্রাম আদালতের মোট মামলার সংখ্যা ৩৭ টি। তন্মধ্যে জানুয়ারি/২১ মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ১৩টি। পেন্ডিং মামলার সংখ্যা ২৪টি। গ্রাম আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তির হার সন্তোষজনক নয়। তিনি আরো উল্লেখ করেন যে, উর্দ্ধতন কর্তৃপক্ষ হতে গ্রাম আদালতে বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তির জন্য বারংবার তাগিদ প্রদান করা হচ্ছে। এমতাবস্থায় গ্রাম আদালতে বিচারাধীন পেন্ডিং মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানান।

০৫। সভায় আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে আলোচনায় সভাপতি উল্লেখ করেন যে, আইন-শৃংখলা স্বাভাবিক রাখার পূর্বশর্ত হলো সর্বত্র স্থিতিশীলতা রক্ষা। সুতরাং আইন-শৃংখলা পরিস্থিতি বিঘ্নিত হয় এমন কোন ঘটনা দৃষ্টিগোচর হওয়ামাত্র তা যথাসময়ে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হয়।

০৬। সভায় উপস্থিত চেয়ারম্যান, বড়তারা ইউনিয়ন পরিষদ ও তুলশীগঙ্গা ইউনিয়ন পরিষদ জানান যে, তাদের ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

০৭। সভায় উপস্থিত মেয়র, ক্ষেতলাল পৌরসভা তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, রাতে পুলিশি টহল জোড়দার করা প্রয়োজন এবং ভাসিলা চৌমুহনী মোড় এলাকায় টহল জোরদার করা প্রয়োজন। এ এলাকায় মিটার চুরি হচ্ছে। বড়াইল ইউনিয়নের বিনাই নামক নতুন বাজারে মাদকের ব্যবসা হয়। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানার দৃষ্টি আকর্ষণ করেন।

০৮। সভায় উপস্থিত ক্ষেতলাল থানার অফিসার ইনচার্জ (তদন্ত) তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, জানুয়ারি/২০২১ মাসে ক্ষেতলাল থানায় উল্লেখযোগ্য কোন ঘটনা ঘটেনি।

০৭। সভাপতি জানান যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব মোকাবিলায় ক্রেতাগণের নিকট দ্রব্য সামগ্রী ক্রয়-বিক্রয়ের পূর্বে মাস্ক পরিধান আবশ্যিক মর্মে উপজেলাধীন সকল বাজারের দৃশ্যমান স্থানে সচেতনতামূলক ব্যানার/ফেস্টুন টানানোর বিষয়ে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের প্রতি অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(এ, এফ, এম, আবু সুফিয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট
ফোনঃ ০৫৭২৩-৫৬০০৮
email: unokhetlal@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট
http://khetlal.joypurhat.gov.bd

নং-০৫.৪৩.৩৮৬১.০০০.০৮.০১০.২০-১৪৫ তারিখঃ ০৯/০২/২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ এবং জাতীয় সংসদ সদস্য, ৩৫ জয়পুরহাট-২
০২। জেলা প্রশাসক, জয়পুরহাট
০৩। পুলিশ সুপার, জয়পুরহাট
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
০৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
০৭। মেয়র, ক্ষেতলাল পৌরসভা
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
০৯। সহকারী কমিশনার (ভূমি), ক্ষেতলাল, জয়পুরহাট
১০। উপজেলা.............................................................................অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট
১১। অফিসার-ইন-চার্জ, ক্ষেতলাল থানা, জয়পুরহাট
১২। চেয়ারম্যান, তুলশীগঙ্গা/বড়তারা/বড়াইল/মামুদপুর/আলমপুর ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
১৩। সভাপতি/সাধারণ সম্পাদক..............................................................................................
১৪। জনাব.................................................................................................................................
১৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট।